



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University

‘জগন্নাথ বিশ্ববিদ্যালয় ৪র্থ আন্তঃবিভাগ ক্রিকেট প্রতিযোগিতা ২০১৮’-এর উদ্বোধনী  
অনুষ্ঠিত



জগন্নাথ বিশ্ববিদ্যালয় শারীরিক শিক্ষা কেন্দ্রের উদ্যোগে ৪র্থ আন্তঃবিভাগ ক্রিকেট প্রতিযোগিতা ২০১৮-এর উদ্বোধনী অনুষ্ঠান ২৮ মার্চ-২০১৮, বুধবার, সকাল বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠ ধূপখোলায় অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান প্রতিযোগিতার উদ্বোধন করেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্রীড়া কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মোহাঃ আলী নূর। গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের প্রভাষক মোঃ মিনহাজ উদ্দীন-এর সঞ্চালনায় আরো বক্তব্য প্রদান করেন শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. মোহাম্মদ আব্দুল বাকী। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন ভূগোল ও পরিবেশ বিভাগের সহকারী অধ্যাপক নিউটন হাওলাদার।

আজ শুরু হওয়া ৪র্থ আন্তঃবিভাগ ক্রিকেট প্রতিযোগিতা ১৬ এপ্রিল পর্যন্ত চলবে এবং এতে ৬টি অনুষদের মোট ৩২টি দল অংশগ্রহণ করছে।